গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.০৭.০৮৭.২৫-০১

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রস্তাবিত বিপিপিএ ভবন নির্মাণ সংক্রান্ত
প্রাক-ক্রয় সম্মেলনের (Pre-Procurement Conference) সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল অংশীজনকে অবহিত করা যাচ্ছে যে, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) শেরেবাংলা নগর, আগারগাঁও প্রশাসনিক এলাকায় ক্রয়কৃত ভূমিতে 'বিপিপিএ ভবন' নির্মাণের লক্ষ্যে একটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে। একটি আধুনিক ও পরিবেশবান্ধব গ্রিন বিল্ডিং হিসেবে উক্ত ভবনটি নির্মাণের লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে নিরূপিত চাহিদার বিপরীতে বিদ্যমান বাজার পরিস্থিতি, সম্ভাব্য ক্রয় ঝুঁকি, সম্ভাব্য বিকল্প সমাধানের বিশ্লেষণ, স্থানীয় ইকনোমিক অপারেটরদের সক্ষমতা এবং টেকসইতা সংক্রান্ত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ২৪ মোতাবেক একটি উপযুক্ত ক্রয়কৌশল প্রণয়নের লক্ষ্যে বিপিপিএ প্রারম্ভিক বাজার সম্পৃক্ততার (Early Market Engagement – EME) উদ্যোগ গ্রহণ করেছে।

০২। উপর্যুক্ত লক্ষ্যকে বিবেচনায় নিয়ে ভবিষ্যত ক্রয়কার্যে দক্ষতা, টেকসইতা এবং অর্থের সর্বোত্তম ব্যবহার (Value for Money) নিশ্চিত করণার্থে টেকসই নির্মাণসংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে আগামী ১৮ জানুয়ারি, ২০২৬ খ্রি. তারিখ রবিবার সকাল ১১ টায় বিপিপিএ সম্মেলন কক্ষে একটি প্রাক-ক্রয় সম্মেলনের (Pre-Procurement Conference) আয়োজন করা হয়েছে। উক্ত সম্মেলনে উপর্যুক্ত গ্রিন বিল্ডিং নির্মাণ সংক্রান্ত প্রকল্প বিষয়ক প্রাথমিক তথ্য উপস্থাপন করা হবে এবং সরকারি ও বেসরকারি খাতে নিয়োজিত আগ্রহী ও সংশ্লিষ্ট ইকনোমিক অপারেটর, ঠিকাদার এবং প্রপার্টি ডেভেলপারদের নিকট হতে ভবন নির্মাণে সম্ভাব্য টেকসই বৈশিষ্ট্য সংক্রান্ত মতামত গ্রহণ করা হবে।

০৩। উক্ত প্রাক-ক্রয় সম্মেলনে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৪ জানুয়ারি, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে বিপিপিএ-তে (ই-মেইল: ppc@bppa.gov.bd) একটি আগ্রহব্যক্তকরণ ইমেইল প্রেরণের মাধ্যমে প্রাক-নিবন্ধন সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, সম্মেলনে অংশগ্রহণের জন্য কোনো নিবন্ধন ফি প্রয়োজন হবে না এবং অংশগ্রহণকারীগণকে কোনো প্রকার ফি বা সম্মানি প্রদান করা হবে না। বেসরকারি খাতের উদ্যোক্তাগণ এ সম্মেলনকে ভবিষ্যৎ ব্যবসায়িক সম্ভাবনা অন্বেষণের পাশাপাশি দেশের উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার একটি সুযোগ হিসেবে বিবেচনা করতে পারেন।

০৪। কর্তৃপক্ষ যে কোনো বা সকল আগ্রহব্যক্তকরণ অনুরোধ গ্রহণ না করার কিংবা প্রাক-ক্রয় সম্মেলন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
ই-মেইল: ceo@bppa.gov.bd